# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ০৬/০৩/২০১৯ খ্রিঃ।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আালোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ০৪/০২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত ০৪/০২/২০১৯ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচ্য সূচী-৩। UGIIP-III প্রকল্পের অর্থায়নে অনুমোদিত বস্তি সমূহে ভৌত কাজ নির্মাণের প্রারম্ভে প্রতিটি বস্তিতে ক্রয় কমিটি গঠন করণ বিষয়ে আলোচনা।**

আলোচনাঃ আলোচ্য বিষয়ে আলোচনান্তে সভাপতি মহোদয়ের অনুমতি নিয়ে এ কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা বলেন, আপনারা অবগত আছেন বস্তির ভৌত অবকাঠামোর কাজ শুরু করার লক্ষ্যে প্রতিটি বস্তি উন্নয়ন কমিটি সভাপতি ও সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে স্ব স্ব বস্তির ব্যাংক হিসাবে ২৫% অগ্রীম স্থানান্তর করার জন্য মেয়র মহোদয় বরাবর আবেদন দিয়েছেন। এই ২৫% টাকা দিয়ে বস্তির ভৌত কাজ শুরুর প্ররম্ভেই প্রতিটি বস্তিতে বস্তির অবকাঠামোর মালামাল ক্রয়ের জন্য প্রকল্পের নির্দেশনা অনুসারে একটি করে ক্রয় কমিটি গঠন করতে হবে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

জনাব এ টি এম মোস্তাফিজুর রহমান, সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা ও প্রতিনিধি(পূর্ত শাখা), দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, UGIIP-III প্রকল্পের আওতায় অনুমোদিত ০৭(সাত)টি বস্তিতে যে সকল ভৌত অবকাঠামোর কাজ হবে, তা অতি গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে এবং কাজের গুনগত মান ভাল করতে হবে। যেহেতু এই কাজ গুলো ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন না হয়ে, বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন হবে, তাই টাকার স্বচ্ছ ব্যবহার ও মালামালের গুনগত মান ভাল রাখার জন্য ক্রয় কমিটি গঠন করে, মালমাল ক্রয় করা যেতে পারে।

জনাবা মোছাঃ শাহানাজ বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী) বলেন, আমি UGIIP প্রকল্পের আওতায় এস আই সি সভাপতি হিসেবে তৎকালীন সময়ে বস্তি এলাকায় ভৌত অবকাঠামো কাজ করেছি , আমার অভিজ্ঞতার প্রেক্ষিতে বলতে পারি, শুধুমাত্র বস্তি এলাকার লোকজন নিয়ে মালামাল ক্রয়ের জন্য কমিটি গঠন করে, মালামাল ক্রয় করলে, মালামালের গুনগত মান ভাল নাও হতে পারে। তাই বস্তির লোকজন ও পৌরসভার প্রকৌশলীদের নিয়ে ক্রয় কমিটি গঠন করলে ভাল হয়।

**সিদ্ধান্ত** ঃ- প্রতিটি বস্তি উন্নয়ন কমিটি সভায় বস্তি উন্নয়ন কমিটির সদস্যদের সাথে আলোচনা সাপেক্ষে প্রতিটি বস্তিতে ভৌত কাজের মালামাল ক্রয়ের জন্য ক্রয় কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহন করা হলো।

আলোচ্য সূচী-৩। হকার্স মার্কেট নির্মাণ প্রসঙ্গে ।

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, জয়পুরহাট পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নের অংশ হিসেবে পৌর এলাকায় ছিন্নমূল ব্যবসায়ীদের স্থায়ী ব্যবসা করার লক্ষ্যে হকার্স মার্কেট নির্মাণ করার পরিকল্পনা গ্রহন করা আছে। বিশেষ করে শহরের রেল স্টেশনের উত্তরপ্বার্শে রেল লাইনের ধারে বা রেল লাইনের উপরে অস্থায়ী কাপড়ের দোকান গড়ে উঠেছে। এসব ব্যবসায়ীদের প্রায় উচ্ছেদের হুমকির মুখে ব্যবসা করতে হচ্ছে। তাছাড়া রেল লাইনের প্বার্শে দোকান বসিয়ে ব্যবসা করার ফলে যেকোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাছাড়া শহরের পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখার জন্য ছিন্নমূল ব্যবসায়ীদের স্থায়ী ব্যবসা করার জায়গা দেওয়া প্রয়োজন।

বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে জনাব মোঃ ইকবাল হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫, জয়পুরহাট পৌরসভা এবং সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, শুধুমাত্র রেল লাইনের ধারে দোকান নয় শহরের মূল রাস্তার ফুটপাত অস্থায়ী ব্যবসায়ীদের দখলে চলে গেছে। তাই শহরের সকল অস্থায়ী বা ছিন্নমূল ব্যবসায়ীদের তালিকা তৈরী করে, সে অনুযায়ী হর্কাস মার্কেট নির্মাণ করে তাদের পুর্নবাসন করা যায়।

**সিদ্ধান্ত** ঃ- দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP) অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থ বছরের মধ্যে পৌরসভার উদ্যোগে হকার বা ছিন্নমূল ব্যবসায়ীদের পূর্নবাসনের লক্ষ্যে হকার্স মার্কেট নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানানো সহ পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৮-১৯/৭৭/৩১(১০)

তারিখ- ০৭/০৩/২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ............................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌর মিলনায়তন। |
| তারিখ | ঃ ০৬/০৩/২০১৯ ইং |
| রোজ | ঃ বুধবার। |
| সময় | ঃ ১১.০০ ঘটিকা। |

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | শাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | মর্জিনা |